ফাতওয়া নাম্বার:২৭১ প্রকাশকালঃ১৬-০৮-২০২১ ইং

সাওম রেখে টুথপেস্ট দিয়ে দাঁত মাজলে কি সাওম ভেঙ্গে যায়?

প্রশ্ন:

কেউ সাওম রেখে গুল ব্যবহার করলে কিংবা টুথপেস্ট দিয়ে দাঁত মাজলে কি তার সাওম ভেঙ্গে যাবে?

প্রশ্নকারী- মুহাম্মদ হিমেল

উত্তর:

بسم الله الرحمن الرحيم

الحمد لله و كفى وسلام على عباده الذين اصطفى أما بعد:

সাওম রেখে গুল, মাজন, টুথপেস্ট বা টুথপাউডার ব্যবহার করলে যদি তা গলার ভেতরে চলে যায়, তাহলে সাওম ভেঙ্গে যাবে। অন্যথায় ভাঙ্গবে না, তবে সাওমরত অবস্থায় এগুলো ব্যবহার করা মাকরুহ।

উল্লেখ্য, সাওমরত অবস্থায় মিসওয়াক করা মাকরুহ নয়; বরং অন্যান্য সময়ের মতোই সুন্নত।

-কিতাবুল আছল ২/১৭১; মাবসূত ৩/১০৩; বাদায়িউস সানায়ি ২/৬৬৩; খুলাছাতুল ফাতাওয়া ১/২৬৬; রদ্দুল মুহতার ২/৪০০; ইমদাদুল-ফাতওয়া ৪/২৭১-৭২; জাওয়াহিরুল ফিকহ ৩/৫১৮

فقط والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

০৮-০১-১৪৪৪ হি.

০৭-০৮-২০২২ ঈ.